গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Disaster Risk Management Enhancement
Project (Component 2 & 3)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা- ১২১২।

স্মারক নং: ৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.১০১৩ তারিখ: ২২.০২.২০২৩ খ্রি:।

**বিষয়ঃ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলায় (Package No- W1/22/DRMEP/GOP/TGP/2021-22, Tender ID- 662951) চলমান কাজ শুরু না করায় জামানতের অর্থ রাষ্ট্র বরাবরে নগদায়ন পূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালোতালিকাভুক্ত করণ প্রসংগে।**

সূত্রঃ
১। অত্র অফিসের NOA স্মারক নং-৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.১৬৬৫, তারিখঃ ৩০/০৩/২০২২খ্রিঃ।
২। অত্র অফিসের কার্যাদেশের স্মারক নং-৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.১৮১৩(১), তারিখঃ ২১/০৪/২০২২খ্রিঃ।
৩। অত্র অফিসের ১ম তাগিদ পত্রের স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.৩৩৪৭(২), তারিখঃ ২৮/০৬/২০২২খ্রিঃ।
৪। অত্র অফিসের ২য় তাগিদ পত্রের স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.২৩, তারিখঃ ০৭/০৭/২০২২খ্রিঃ।
৫। ঠিকাদারের ২১/০৭/২০২২ তারিখে প্রেরিত পত্র।
৬। অত্র অফিসের ৩য় তাগিদ পত্রের স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.১১১, তারিখঃ ২৮/০৭/২০২২খ্রিঃ।
৭। Consultant এর জুনিয়ার ইঞ্জিনিয়ারের পত্রের স্মারক নং: ৫১.০১.৩৫০০.০০০.৪০.০০৬.২২.৮৪, তারিখ: ১৯/০৯/২০২২ খ্রিঃ।
৮। অত্র অফিসের ৪র্থ তাগিদ পত্রের স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.৩৯০, তারিখঃ ০২/১০/২০২২খ্রিঃ।
৯। অত্র অফিসের ৫ম/চূড়ান্ত তাগিদ পত্রের স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৪.৪০.০৪৩.২২.৫৫৪, তারিখঃ ২১/১১/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Disaster Risk Management Enhancement Project (Component 2 & 3)” শীর্ষক প্রকল্পের আওতায় Package No- W1/22/DRMEP/GOP/TGP/2021-22, Tender ID- 662951 এর গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলায় চলমান সংস্কার ও মেরামত কাজের জন্য আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দর সর্বনিম্ন রেসপনসিভ বিবেচিত হওয়ায় সূত্রোক্ত ০১ নং স্মারকে ১,৮৯,২২,৭৫৬.৬৪/- (এক কোটি উননব্বই লক্ষ বাইশ হাজার সাতশত ছাপ্পান্ন টাকা চৌষট্টি পয়সা) টাকার NOA প্রদান করা হয়। নির্দিষ্ট পরিমান পারফরমেন্স সিকিউরিটি জমা প্রদান পূর্বক ২২/০৪/২০২২খ্রিঃ তারিখে আপনার সাথে প্রকল্প অফিসের চুক্তিপত্র সম্পাদিত হয় এবং কাজ শুরুর পূর্বে জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, গোপালগঞ্জ এবং উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া-কে অবহিত করে Site বুঝে নিয়ে কাজ শুরু করার জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে কার্যাদেশ প্রদান করা হয়।

০২। কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শুরু না করায় সূত্রোক্ত ০৩ নং স্মারকে Drawing Design মোতাবেক কাজ শুরু করার জন্য ১ম তাগিদ পত্র প্রেরণ করা হয়। কাজ শুরু না করায় সূত্রোক্ত ০৪ নং স্মারকে কেন কাজ শুরু করেননি জানতে চেয়ে কারণ দর্শানোসহ ০৭ কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য ২য় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অত্র পত্রের জবাবে ৫নং স্মারকে আপনি জানান রাস্তায় গর্ত থাকায় ও রাস্তার উভয় পাশে পানি জমে থাকায় কাজ শুরু করতে পারছেন না। আপনার জবাবের প্রেক্ষিতে সূত্রোক্ত ৬নং স্মারকে বর্ষায় মৌসুমে আপনার প্যাকেজের অধীনস্থ ৯৬৩টি পাইল Casting এর কাজ BoQ অনুসরন পূর্বক সম্পন্ন করার জন্য ৩য় তাগিদ পত্র প্রেরন করা হয়। যার জবাব পাওয়া যায়নি। অতঃপর সূত্রোক্ত ০৭নং স্মারকে পত্রের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠানে কর্মরত জুনিয়ার ইঞ্জিনিয়ার প্রকল্প অফিসকে অবগত করেন যে, আপনি প্রকল্পের কাজ ১৬/০৯/২০২২ তারিখ পর্যন্ত শুরু করেননি। জুনিয়র ইঞ্জিনিয়ারের পত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত ০৮নং স্মারকে কাজ বন্ধ রাখার কারন জানতে চেয়ে ০৭ কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য আপনাকে প্রকল্প অফিস থেকে কারন দর্শানো হয় এবং ৪র্থ তাগিদ পত্র প্রেরন করা হয়। বারবার পত্রের মাধ্যমে কাজ শুরু করার জন্য যোগাযোগের চেষ্টা করলেও আপনি কাজ শুরু করেননি। কার্যাদেশ প্রদানের তারিখ হতে ০৭ মাস সময় অতিক্রান্ত হওয়ার পরেও নির্মাণ কাজ শুরু না করায় চুক্তিপত্রের মৌলিক শর্ত লঙ্ঘিত হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি ৪২(১) অনুযায়ী চুক্তিপত্রের মৌলিক শর্ত ভঙ্গ করায় উল্লিখিত DRMEP প্রকল্পের পারফরমেন্স সিকিউরিটি Compensate-সহ আপনার লাইসেন্স কেন কালো তালিকা ভুক্ত করা হবেনা তা লিখিত জবাব প্রদানের

জন্য সূত্রোক্ত ০৯ নং স্মারকে ২৮(আটাশ) দিনের সময় দিয়ে চূড়ান্ত তাগিদ পত্র প্রেরণ করা হয়। যার জবাব অদ্যাবধি পাওয়া যায়নি।

০৩। চুক্তিপত্রের মৌলিক শর্ত অনুযায়ী কাজ শুরু না করায় এবং উপরোক্ত ০৫টি তাগিদ পত্রের জবাব না দেয়ায় কার্যসম্পাদন জামানতের অর্থ রাষ্ট্র বরাবরে নগদায়ন (Compensate) করে আপনার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করার জন্য Hope বরাবর প্রস্তাব প্রেরন করা হলে তা গত ১৯/০২/২০২৩ তারিখে অনুমোদিত হয়।

০৪। এমতাবস্থায়, Contract Document এর General Conditions of contract (GCC) এর Clause 89 অনুযায়ী ১৯ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখ থেকে Contract টি Termination for Debar হয়েছে বলে গণ্য হবে এবং PCC Clause 90 অনুসারে Performance Security এর সম্পূর্ণ টাকা Compensation করে সরকারি ব্যাংক হিসাবে নগদায়ন করা হবে। PCC Clause 90 অনুসারে Compensate কৃত বাকী টাকা আদায়ের জন্য আপনাকে আলাদাভাবে পত্র প্রেরন করা হবে। এছাড়াও চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করায় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ (৫) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ১২৭ (৪) (গ) অনুসারে ০২ (দুই) বছরের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সকল ক্রয় কার্যক্রম থেকে অযোগ্য ঘোষণা করা হল।

২১/০২/২০২৩

(সুব্রত পাল চৌধুরী)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
Disaster Risk Management
Enhancement Project (Component 2 & 3)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৮৩৯৮৯
ইমেইল: drmep.office@gmail.com

M/S. SHAMIM CHAKLADER
Md. Abdus Shamim Chaklader
192, Kazipara Road, Puratan Kashba, Jessore

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো**

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলাঃ গোপালগঞ্জ।
০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আবুদল গণি রোড, ঢাকা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, জেলাঃ গোপালগঞ্জ, উপজেলাঃ টুঙ্গীপাড়া।
০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জেলাঃ গোপালগঞ্জ, উপজেলাঃ টুঙ্গীপাড়া।
০৮। টিম লিডার, কনসালটেন্ট, DRMEP
০৯। কো-টিম লিডার, কনসালটেন্ট, DRMEP
১০। ম্যানেজার, SBAC Bank Limited, সাতক্ষীরা শাখা।
১১। প্রকল্প পরিচালক, ..........................................................................................................
১২। প্রবীর কুমার দাস, প্রোগামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (পত্রটি Website এ প্রকাশের জন্য ব্যবস্থা গ্রহনের জন্য)
১৩। অফিস নথি।